ভারতের দুর্দশা ও তার প্রতিকার

শক্তিবাদ প্রবর্ত্তক স্বামী সত্যানন্দ সরস্বতী মহারাজের ৮৯তম
জন্মদিনের বাণী

ভারতের দুর্দশা ও তার প্রতিকার

যাঁহারা সংবাদপত্র পড়েন তাঁহারা স্পষ্টতঃ দেখিতে পান বিশৃঙ্খলা সর্ব্বত্র ছড়াইয়া পড়িয়াছে। মানুষের দৈনন্দিন জীবন অতিষ্ঠ। ইহার কারণ কি এবং ইহার প্রতিকার কি এ সম্বন্ধে আমার বক্তব্য আমি ভারতের কল্যাণের জন্যই লিখিতেছি।

ভারতে এখন কোন নেতা নাই। নেতা বলিয়া মানা যায় এমন লোকও নাই। ভারতের দুর্দশা চলিয়াছে ৭১২ খৃঃ হইতে যখন সিন্ধু আক্রান্ত হয় মুসলমান দ্বারা, এই আক্রমণ ক্রমাগত ৭০ বৎসর স্থায়ী হইয়াছিল। শেষ পর্য্যন্ত সিন্ধুর রাজা দাহির পরাজিত হন এবং সিন্ধু লুণ্ঠিত হয়। দাহিরের রাজ পরিবারের প্রত্যেকটি সম্মানিতা মহিলাকে বর্বর সৈন্যদের দ্বারা প্রকাশ্যে ধর্ষণ করান হয়। বর্বরেরা সমস্ত সিন্ধু দেশ লুঠ, প্রকাশ্যে নারী ধর্ষণ, অমানুষিক অত্যাচার চালাইতে থাকে। রাজা দাহিরের দুইজন কন্যাকে বলপূর্বক অপহরণ করিয়া আরবে আনা হয়। সেখানে তাহাদিগকে চার দেওয়ালে গাঁথিয়া শ্বাসরুদ্ধ করিয়া ও অনাহারে রাখিয়া হত্যা করা হয়। এত বড় একটা আক্রমণ হইল, ক্ষত্রিয়দের বীরত্ব কম ছিল তাহাও নহে কিন্তু বুদ্ধিমানের মতো প্রতি আক্রমণের জন্য কোন পরিকল্পনাই রাজা মহারাজাদের মনে স্থান পাইল না। সমস্ত ভারতে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, গিরিবাসী, জঙ্গলবাসী শিক্ষিত, অশিক্ষিত সকলকে সম্মিলিত করিয়া অস্ত্রশস্ত্র সহ আরব আক্রমণের কোন পরিকল্পনাই দেখা দিল না।

আসল কথা ভারতের নেতৃত্ব, মক্কেশ্বর শিবের দ্বারা যবনদিগকে বরদানের প্রভাবে যে দুঃসময় ভারতের উপর আসিল উহার প্রতিকারের কথা ভাবিল না।

আর্য্যগ্রন্থ অনুসারে আর্য্যাবর্ত্তের রাজা যযাতির রাজ্যকালে এক অপূর্ব ঘটনার সূত্রপাত হয়। যযাতি বৃদ্ধ হইলেন কিন্তু তাঁহার যৌন ভোগস্পৃহা কমিল না। তিনি ঋষিগণের সঙ্গে এবিষয়ে পরামর্শ করিয়া জানিতে পারিলেন যে যযাতির কোন পুত্র যদি নিজের যৌবন দান করে ও বৃদ্ধত্ব গ্রহণ করে তবে তিনি পুনঃ যৌবন লাভ করিবেন। তাঁহার প্রথম পুত্র ইহাতে রাজি হইলেন না। তাঁহার তৃতীয় পুত্র এই প্রস্তাবে রাজি হইলেন। রাজার আদেশ অমান্য করা হেতু তাঁহার প্রথম দুই পুত্রকে লিঙ্গমুণ্ডন করিয়া বেদাচার ও জ্ঞানলাভের অযোগ্য করিয়া হিমালয়ের পশ্চিমে নির্বাসন করিলেন। ইহারাই যুঃজাতির প্রবর্তক।

বলপ্রয়োগে ম্লেচ্ছাচার গ্রহণের জন্য তাঁহারা অত্যন্ত দুঃখিত হইলেন। তাঁহারা মক্কার কাবা মন্দিরে শিব দর্শনের জন্য সাধনা আরম্ভ করিলেন। সাধনায় সন্তুষ্ট হইয়া শিব-পার্বতী দর্শন দিলেন। শিব বলিলেন, ‘‘তোমরা কি বর চাও গ্রহণ কর’’, তাঁহারা বলিলেন, ভারতবর্ষে আমাদিগকে বলপূর্বক যবন করা হইয়াছে। আমাদের বর দিন, আমরা (যবনরা) ভারতবর্ষে রাজ্য বিস্তার করিব, আর্য্য ধর্ম নষ্ট করিব, মন্দির ধ্বংস করিব, ভাষা নষ্ট করিব, নারীদিগকে অপমানিত ও লাঞ্ছিত করিব, ভারতের নেতারা যেন যবন আক্রমণে মৃতবৎ নিস্তেজ হইয়া থাকে, শিব বলিলেন, ‘‘তাহাই হইবে’’।

এইরূপ বরদানে পার্বতী অসন্তুষ্ট হইয়া শিবকে বলিলেন যে, তোমাকে ইহা সংবরণ করিতে হইবে। এইরূপ বরদানে আমার ভারতীয় সন্তানগণ অন্যায়ভাবে

নিষ্পেষিত হইবে। শিব বলিলেন, ''যাহা বলিয়াছি তাহাই হইবে। আমি ম্লেচ্ছ ও যবনদের অনাচারে এই মক্কা মন্দিরে আবদ্ধ থাকিব। তবে কোন ভক্ত যদি পুনঃ জলফুলে পূজা করে তখনই বরদানের প্রভাব শেষ হইয়া যাইবে। আমি মুক্ত হইব এবং কাবা মন্দির ত্যাগ করিব। যবনদের পতন হইবে। হিন্দুরা কুমারী পূজা ও দ্বাদশ জ্যোতির্লিঙ্গ শিব দর্শন করুক, তাহাদের মধ্যে আবার বীরত্ব আসিবে।''

চৌদ্দশ হিজরি দিনাংক ২১।১১।৭৯ সনে মক্কার প্রাচীন পুরোহিত বংশধরগণ জল ফুল ও সেই সঙ্গে অস্ত্রশস্ত্রসহ মক্কার মন্দিরে প্রবেশ করেন এবং সাতদিন মন্দির অবরুদ্ধ রাখিয়া জলে ও ফুলে মহাদেব বাবার পূজা করেন। ইতিপূর্বে বহু ব্রাহ্মণ সন্তানগণ মহাদেবের পূজা করিবার জন্য গোপনে মন্দিরে প্রবেশ করে এবং ধরা পড়িয়া অত্যন্ত নিষ্ঠুর ভাবে হত হইয়াছিল। ২১।১১।৭৯ সনের মক্কার ঘটনায় সমস্ত পৃথিবীর মুসলমানদের মধ্যে আলোড়ন দেখা দেয়। তাহারা বলিতে থাকে কাবা অপবিত্র হইয়াছে। কিন্তু সেখানকার প্রকৃত ঘটনা গোপন করা হয়। ভারতের নেতা ও পত্রিকাগুলিও ইহার সত্যতাকে চাপা দেওয়ার চেষ্টা করে। আমরা জিজ্ঞাসা করি মক্কার শিবকে যাঁহারা আর্য্যাচারে পূজা করিয়াছেন তাঁহারা কেহই শূকরের বা কচ্ছপের মাংস লইয়া মন্দিরে প্রবেশ করেন নাই, তবে কাবা অপবিত্র হইল কিভাবে? মক্কার শিবের মুক্তির স্মৃতি অথবা স্মরণার্থে আমরা শক্তিবাদ মঠে শিবস্থান স্থাপন করিয়াছি, হিন্দুরা সর্বত্র মক্কার শিবের স্মরণ কর ও জলফুল দাও। যাহাদের মনুষ্যত্ব আছে তাহারা জাগ্রত হইয়া ভারতের নেতৃত্ব গ্রহণ করো। যাহারা বিজাতি বলিয়া আত্মপরিচয় দিয়া পাকিস্তান গড়িয়াছে তাহাদিগকে পাকিস্তানে পাঠাইবার ব্যবস্থা করা হউক। হিন্দু জনতার মধ্যে সত্য, ত্যাগ, বীরত্ব আবির্ভূত হউক, এজন্য প্রত্যেক হিন্দু শিবের মাথায় জলফুল দিয়া শিবকে সন্তুষ্ট করুন। প্রার্থনা করুন, প্রণাম করুন।

সিন্ধুর আক্রমণ হইতে আজ পর্যন্ত সর্বত্র দেখা গিয়াছে হিন্দুবীর যোদ্ধারা নির্যাতিত, নিষ্পেষিত, অপমানিত, লাঞ্ছিত, হিন্দু নারীরা অপমানিতা, ধর্ষিতা ও অপ্রতিষ্ঠায় জীবন যাপনে বাধিতা এবং হিন্দু সম্পত্তি লুণ্ঠন ভালভাবেই চলিয়াছে। সোমনাথ মন্দির লুণ্ঠিত হইল। ১৭ বার আক্রান্ত হইল। ১৭ বারই হিন্দু রাজা যবনদের পরাজিত করিয়াও অদূরদর্শিতার পরিচয় দিয়া তাহাদের ক্ষমা করিয়া ছাড়িয়া দেন। পাণিপথের যুদ্ধেও হিন্দু রাজাদের এই মূর্খতা শেষ হইল না। ইংরেজ ১৯৪৭ সালে ভারতের এক অংশে পাকিস্তান করিয়া ভারতের শাসনদণ্ড ভারতের নেতাদের হাতে ত্যাগ করিয়া চলিয়া যান। পাকিস্তানের হিন্দুরা বর্বর মুসলমানদের হাতে নির্যাতিত, নিষ্পেষিত ও নারীদের অপমান স্বচক্ষে দেখিতে দেখিতে বহুকষ্টে ধনসম্পত্তি স্ত্রীপুত্রকন্যা হারাইয়া নিঃস্ব হইয়া ভারতে প্রবেশ করিল। ভারতের হিন্দু নেতারা ইহার প্রতিকারে কেহই অগ্রসর হইল না। বরং মুসলমান পোষণ ও তোষণের বন্যা বহিয়া চলিল। এমনকি যাহারা মুসলমানের জুতো খাইয়া স্ত্রীকন্যা মা ভগিনীদের মুসলমানের হাতে সঁপিয়া দিয়া ভারতে আসিল তাহাদের মধ্যে আজও চেতনা দেখা দিল না। হিন্দুরা এইসব নেতাদের আর বিশ্বাস করিও না। এইসব নেতাগণকে মৃত জানিবে।

শিবের বাণী ছিল ভারতের হিন্দু নেতারা নপুংসক (নিস্তেজ) হইয়া যাইবে। ''এবমেব মহাদেবী কামরূপোধিপা শবে''। অর্থাৎ হে মহাদেবী এইভাবেই কামরূপের (ত্রিকোণাকার ভারতবর্ষের) সকল রাজাই শব (নিস্তেজ) হইবে।

ইংরেজ চলিয়া যাইবার পর দেশের নিস্তেজ রাজারা কংগ্রেসের ভাওতায় পড়িয়া ভাতা গ্রহণের বিনিময়ে নিজ নিজ রাজ্য ছাড়িয়া দিলেন। কয়েক বৎসর মধ্যেই সেই কংগ্রেস সরকার রাজাদের ভাতা বন্ধ করিয়া দিল। প্রতিকারের জন্য কি করা কর্তব্য কেহই বুঝিল না। আমরা বলি যখন রাজার ভাতা পার্লামেণ্ট কাড়িয়া লইতে পারে তবে প্রজারাই দিল্লীর সিংহাসনকে খাজনার টাকা দিবে কেন। দিলেইবা প্রজা ও ভারতের কি কল্যাণ হইবে?

ইহার একমাত্র প্রতিকার সমগ্র ভারতে প্রতিটি রাজ্যে প্রতিটি জেলায় মন্দিরে মন্দিরে দেশীয় রাজার প্রজারা শিব নির্দেশিত কুমারী পূজায় আত্মনিয়োগ কর এবং উচ্চ বিকশিত মস্তিষ্কের এবং মেরুদণ্ডমধ্যস্থিত শক্তিশালী ব্রহ্মনাড়ীর অনুশীলনসহ দ্বাদশ জ্যোতির্লিঙ্গ শিবের কথা ভাব। শিবের বরদানের প্রভাব যত বৎসর থাকিবার কথা ছিল সে সময় কাটিয়া গিয়াছে। কুমারী পূজার সময় তোমরা ইহা লক্ষ্য রাখিবে কুমারী পূজার জন্য ৪ বৎসরের বেশী বয়স্কা কুমারী যেন নির্বাচন না করা হয়। শাস্ত্রে ১৬ বৎসর পর্য্যন্ত কুমারী পূজার কথা আছে। কিন্তু বর্তমানে নেতারা ৪০ বৎসর ধরিয়া যে সব প্রচার চালাইয়াছেন এবং যেভাবে উচ্ছৃঙ্খলতা ও নাস্তিকতা বৃদ্ধি পাইয়াছে তাহাতে দেখা যাইতেছে অল্প বয়সেই বালক বালিকার মনে সংসারলীলা ও টাকার নেশা মনকে আচ্ছন্ন করিয়া রাখিয়াছে। যত দিন যাইবে ততই বহির্মুখিতা ও উচ্ছৃঙ্খলতা বৃদ্ধি হইতে থাকিবে। শিক্ষা বিভাগ, প্রচার বিভাগ, শাসন বিভাগ (পুলিশ) সকলই ধ্বংসের পথে, এখন সব দলবাজ নেতাদের লক্ষ্য কি করিয়া সহজে দিল্লীর সিংহাসনে বসিয়া সেনা বিভাগকেও সহজে অকেজো করিয়া দেওয়া যায়। কুমারী পূজায় কোন জাতিভেদ করা চলিবে না। 'জাতিভেদ ন কর্তব্যং কুমারী পূজনে শিবে'। এখন হইতে ঐ ৪ বৎসরের কুমারীই হইবেন ভারতের রক্ষক ও নেতা এবং উন্নত মস্তিষ্কবিশিষ্ট এবং শক্তিশালী ব্রহ্মনাড়ীর অধিকারী শিব হইবেন কুমারী মায়ের পরামর্শদাতা। ইহা ভিন্ন কাহাকেও নেতা মানিও না। উন্নত মস্তিষ্ক ও শক্তিশালী ব্রহ্মনাড়ীর অধিকারী শিবের কি লক্ষণ তাহা শাস্ত্রে উল্লেখ আছে।

শক্তিবাদ গ্রন্থাবলীতে (ক্রমবিকাশের পথে) বিস্তারিত আলোচনা আছে। আচার্য্য শঙ্কর বলিয়াছেন - ওঁ স্থিত্বাস্থানে সরোজে প্রণবময় মরুৎকুণ্ডলে সূক্ষ্মমার্গে। শান্তে স্বান্ত প্রলীনে প্রকটিত বিভবে জ্যোতিরূপে পরাক্ষে। লিঙ্গং তদ্ব্রহ্মবাচ্যং সকলতনুগতং শঙ্করং (যাহা প্রণবময় এবং যাহা জীবনী শক্তিরূপে সুষুম্নামার্গে কুণ্ডলিনী শক্তিরূপে অবস্থান করিতেছেন, যাহা মনকে শান্ত করিয়া অহংরূপ আত্মভাবকে প্রলীন করিতে সমর্থ, যাহা অনন্ত ঐশ্বর্যের আধার, যাহা জ্ঞানময়, যাহা পরম ব্রহ্ম নামে খ্যাত, যাহা সমস্ত জীবে (ব্রহ্মনাড়ীরূপে) অবস্থান করিতেছেন, যাহা মঙ্গলময় এবং যাহা ব্রহ্মনামে খ্যাত এমন লিঙ্গই শঙ্কর।)

শক্তিবাদ স্বামীজী SCIA নামক একটি সংঘ স্থাপন করিয়াছেন। এই সংঘের পরিচালক পাঁচজন প্রধান নেতা আছে। তাহারা উন্নত মস্তিষ্কবিশিষ্ট শিব ও ৪ বৎসর বয়স্কা পূজিতা শুদ্ধা কুমারীর উপদেশবাণী অনুশীলন করুক। এই শিবতত্ত্ব ও শক্তিতত্ত্ব যাঁহারা অনুশীলন করিয়াছেন তাঁহারাই প্রধান নেতা।

৪ বৎসরের শুদ্ধ কুমারী কন্যাই চণ্ডী বর্ণিত শৈলপুত্রী। এই কুমারীর নয়টি মূর্ত্তির কথা চণ্ডীতে বর্ণিত আছে।

প্রথমং শৈলপুত্রীতি দ্বিতীয়ং ব্রহ্মচারিণী
তৃতীয়ং চণ্ডঘণ্টেতি কুষ্মাণ্ডেতি চতুর্থকম্।
পঞ্চমং স্কন্দমাতেতি ষষ্ঠং কাত্যায়নী তথা।
সপ্তমং কালরাত্রীতি মহাগৌরীতি চাষ্টমম্।
নবমং সিদ্ধিদাত্রীতি নবদুর্গাঃ প্রকীর্ত্তিতাঃ॥

সিদ্ধিদাত্রী কালীমূর্ত্তিস্বরূপ একটি শুদ্ধ কন্যাও তপস্যা ও সাধনার বলে উচ্চ শক্তিবিদ্যা ও ব্রহ্মবিদ্যার অধিকারিণী হইতে পারে। একটি কন্যা কিভাবে পূর্ণস্তরে বিকশিত হইয়া সমাজের কল্যাণকারক হন এবং অসুরধ্বংস করেন উহার বিস্তারিত আলোচনা ক্রমবিকাশের পথে তৃতীয় খণ্ডে শক্তির ধ্যানে স্বামীজী ব্যাখ্যাত হইয়াছে। চিন্তাশীলমাত্রই উহা পাঠ করুন এবং শক্তিবাদ সমাজ গঠনে আত্মনিয়োগ করুন। চার বৎসর বয়স্কা শৈলপুত্রীই প্রথম কুমারীর লক্ষণ। এই কুমারীর শেষ লক্ষণে সিদ্ধিদাত্রী মহাশক্তি। এই দেবীর চার হস্তে চার অস্ত্র আছে। প্রথম অস্ত্র শঙ্খ, এই শঙ্খ অসুরের বিরুদ্ধে প্রাথমিক রণধ্বনি। কুরুক্ষেত্রের যুদ্ধেও এই শঙ্খধ্বনি শ্রবণ করিয়া কৌরবদের হৃদয় কম্পিত হইয়াছিল। এই পৃথিবীতে একমাত্র হিন্দুরাই শঙ্খ বাজায়, বর্তমানে তাহা কেবল দেশীয় রাজার প্রজারাই বাজাইবে তাহা নহে। কুমারী পূজা ও দ্বাদশ জ্যোতির্লিঙ্গ শিবপূজার প্রভাবে সারা বিশ্বের হিন্দুরা সকাল সন্ধ্যায় ঘরে ঘরে যবন নাশের কামনা করিয়া রণবিদ্যার সূচনাস্বরূপ ব্যাপক শঙ্খনিনাদ করিবে। এই শঙ্খধ্বনির ফলে যবন ও যবন তোষক নেতারা পৃথিবীময় সকলের নিকট হেয় ও ঘৃণ্য বলিয়া সাব্যস্ত হইবে।

মায়ের দ্বিতীয় অস্ত্র চক্র। এই চক্রে যুগ যুগান্তর ধরিয়া হিন্দুর পূজ্য দেবতা নারায়ণ শত শত অসুরের শির ছিন্ন করিয়াছিলেন, চক্রের অন্য মানে অসুরের বিরুদ্ধে সক্রিয় সংগঠন।

মায়ের তৃতীয় অস্ত্র সন্ন্যাসীর যুদ্ধাস্ত্র। রাম বনে গিয়াছিলেন, সন্ন্যাসীর বেশ ধারণ করিয়াছিলেন কিন্তু তীর ধনুক ত্যাগ করেন নাই এবং তাহার প্রয়োগও ভুলিয়া যান নাই। ত্রিশূল হইতেছে সন্ন্যাসীর যুদ্ধাস্ত্র। মায়ের হাতের চতুর্থ অস্ত্র হইতেছে কৃপাণ। কৃপাণ ক্ষত্রিয় যোদ্ধার অসুর নাশক যুদ্ধাস্ত্র। শক্তিবাদ সমাজে ইহার ব্যাপক অনুশীলন হওয়া প্রয়োজন।

এখন হিন্দুরা নপুংসক এবং চিটিংবাজ নেতাদের কথা ছাড়িয়া দিয়া কুমারী তত্ত্ব ও শিবতত্ত্ব অনুশীলনে মন দিন। ইহাতেই আত্মকল্যাণ ও সমাজ কল্যাণ হইবে।

যে স্থানে প্রথম বৎসর কুমারী পূজা হইবে সেই স্থানে পরের বৎসর মহাশক্তি সিদ্ধিদাত্রী মায়ের মূর্ত্তি প্রতিষ্ঠা করিয়া প্রতি বৎসর সকলে মিলিতভাবে পূজা ও উৎসব পরিচালনা করিবে। ইহার ফলে ভারতের জনগণ শিবের বরদান হইতে মুক্ত হইয়া মা

পার্বতীর কৃপায় ও আশীর্বাদে শক্তিবাদীয় নীতির দ্বারা পরিচালিত হইয়া স্বগর্বে আবার পৃথিবীতে শ্রেষ্ঠ আসনে প্রতিষ্ঠিত হইবে।

কুরুক্ষেত্রের যুদ্ধারম্ভের পূর্বে শ্রীকৃষ্ণ অর্জুনকে রথ হইতে মাটিতে অবতরণ করাইয়া যে দুর্গা স্তোত্র পাঠ করিতে বলেন তাহাতেও আমরা কুমারী স্তুতির কথাই পাই-

ওঁ নমস্তে সিদ্ধসেনানি আর্য্যে, মন্দরবাসিনি,

কুমারি কালি কপালি কপিলে কৃষ্ণপিঙ্গলে...

এখানে মাকে সিদ্ধ সেনা বলিতেছেন, অর্থাৎ সবরকম অস্ত্র প্রয়োগে পারদর্শিনী ও সুকৌশলী যোদ্ধা। বিকাশের পথে স্তরে স্তরে অনেক বাধা অতিক্রম করিতে হয়, দুর্বল স্তরের মোহ ও অসুরবাদীয় বর্বরতার মোহ না থাকিলে এই বিকাশের পথ বুঝিতে কাহারও অসুবিধা হয় না, শক্তিবাদিতাই সিদ্ধসেনানী। আর্য্যে - আর্য্য অর্থাৎ শিক্ষিত এবং সভ্যতাপূর্ণ ব্যবহার। যাহারা সভ্যতা মানে না এবং যে সভ্যতা ধ্বংসকারী অসুরের বিরুদ্ধে যুদ্ধ করিতে চায় না সেই অনার্য্য। অর্জুন যুদ্ধক্ষেত্রে নামিয়া দুর্গাস্তোত্র পাঠ করিবার পরও যুদ্ধ করিতে চান নাই। এই জন্য শ্রীকৃষ্ণ তাঁহাকে অনার্য্য বলিয়া তিরস্কার করিয়াছিলেন।

মন্দরবাসিনী - মস্তিষ্কের মধ্যে সর্বোচ্চ স্থানকে মন্দর বলে। উহাই শক্তি পীঠ।

কুমারী - ব্রহ্মচর্য্যই কৌমার্য্য, ব্রহ্মচর্য্যই তপস্যা। ব্রহ্মচর্য্যহীন তপস্যাকে তপস্যাই বলা চলে না। ছোট ছোট কুমারী কন্যাগণও সিদ্ধ মহাপুরুষের সংস্পর্শে আসিয়া সংসারলীলা ভুলিয়া যায়। ইহারাই সিদ্ধ কুমারী, সিদ্ধ মহাপুরুষের জ্ঞানপ্রভাবে সেই কুমারীরাই জীবনের সিদ্ধদশায় মহাশক্তিরূপিণী হয়। ইহাদেরই প্রভাবে অসুর ও যবনদের ধ্বংস হয়।

মহাপুরুষের সান্নিধ্যে কুমারীদের কিভাবে গড়িয়া তুলিতে হইবে তাহার একটি সাধারণ উপমা দেওয়া যাইতেছে।

কুমারী পোকা বলিয়া এক ধরনের পোকা আছে। ইহাদের চেহারা অনেকটা ভীমরুলের মতো, যেভাবে এই কুমারী পোকা সৃষ্টি হয় তাহা এক রহস্যময়। এই কুমারী পোকারা জলের ধারে একরকম কাদা সংগ্রহ করিয়া একটা লম্বা বাসা প্রস্তুত করে। কিন্তু উহাতে নিজেরা থাকে না। এই বাসার মধ্যে প্রজাপতি জাতীয় এক ধরনের পতঙ্গের সবুজ লার্ভাকে ধরিয়া আনিয়া ঐ বাসায় ভরিয়া দেয়। তারপর মুখে এক ধরনের শব্দ করিয়া পোকাটিকে অজ্ঞান করিয়া দিয়া বাসার মুখ বন্ধ করিয়া চলিয়া যায়। কিছুদিন বাদ আসিয়া মুখ খুলিয়া দেয়, তখন দেখা যায়, ঐ লার্ভাটি প্রজাপতির আকারে না হইয়া কুমারী পোকারই রূপ গ্রহণ করিয়া বাহির হইয়া চলিয়া গেল।

কালী - ইনি আদ্যাশক্তি। ইনি সমস্ত শক্তির মূল।

কপালী - মস্তিষ্কের মধ্যে কপালই বুদ্ধি বা বিবেক স্থান। বিবেকহীন মূর্খের ধর্ম অনুসরণ করিবে না। তবেই মহাশক্তির উপাসনা সফল হইবে।

কপিল - পীতবর্ণ শক্তির নাম কপিল, ইনি শত্রুমর্দিনী বগলামুখী দেবী। কৃষ্ণপিঙ্গলে - মস্তিষ্ক মধ্যস্থিত আদ্যাশক্তির কেন্দ্র আছে। ইনি কৃষ্ণবর্ণা, মস্তিষ্কের অপরপ্রান্তে (গণেশ কেন্দ্রে) পিঙ্গলবর্ণা বগলাদেবীর অবস্থান। স্তোত্রের অন্যান্য অংশের বর্ণনা শক্তিবাদভাষ্য গীতায় দেখুন।

বিশ্বের সর্বত্র শিব প্রবর্তিত ভৈরবী চক্রের শাখা প্রসারিত

প্রাচীনকাল হইতে ভারতবর্ষের অধ্যাত্মমূলক ধর্ম পৃথিবীর সর্বত্র প্রচারিত হইয়া চলিয়াছে। শক্তিবাদ সাধনার গুরুপরম্পরায় প্রাপ্ত অভিষেক মন্ত্রগুলিতে শাক্তধর্ম যে পৃথিবীর সর্বত্র প্রচলিত ছিল তাহার উল্লেখ আছে। আমরা শক্তিবাদ গ্রন্থাবলীতে বহু স্থানেই বলিয়াছি কাশীর বিশ্বনাথ শিবমন্দিরকে কেন্দ্র করিয়া আদিগুরু শিব প্রবর্তিত ভৈরবী চক্রের শাখা প্রশাখা পূর্ব গোলার্ধ হইতে পশ্চিম গোলার্ধ পর্যন্ত পৃথিবীর সর্বত্র দেখিতে পাওয়া যায়। আমাদের পূজার শুরুতে আসনশুদ্ধির মন্ত্রে মেরুপৃষ্ঠ ঋষির উল্লেখ আছে। ইনি উত্তর ও দক্ষিণ মেরুর সংযোগস্থলে বসিয়া প্রথম ঈশ্বর উপাসনা করিয়াছিলেন। আমেরিকার রেড ইণ্ডিয়ানরা ভারতের অধ্যাত্মধর্মের প্রতীক। রামায়ণে প্রসিদ্ধ কাক-ভূষণ্ডী (ঈগল) ইহাদের আদি পুরুষ। ইনি পূর্বজন্মে ঋষি ছিলেন। ইহারা অধ্যাত্মবাদী, জন্মান্তরবাদী ও সূর্য্য উপাসক। এখনও রেড ইণ্ডিয়ানরা মস্তকে শিখা ধারণ করে, পাঁচশত বৎসরের অধিককাল ধরিয়া ইহারা নির্যাতিত হইলেও নিজেদের ধর্ম, সংস্কৃতি ও সভ্যতা ত্যাগ করে নাই এবং খৃষ্ট ধর্ম বা লিঙ্গকাটার ধর্ম গ্রহণ করে নাই। রেড ইণ্ডিয়ান ছোট ছোট ছেলেমেয়েরা যে 'কচিনা' নামে যন্ত্র লইয়া খেলা করে ইহাই আমাদের কালীযন্ত্র। কচিনাই কৃষ্ণ, কৃষ্ণই কালী।

১৯৭৪ সনে আমেরিকার রোজবাড নামক স্থানে সমগ্র পশ্চিম গোলার্ধের রেড ইণ্ডিয়ানগণ প্রথম সমবেত হন এবং প্রস্তাব করেন তাহারা সকলে মনুর বংশধর। উত্তর আমেরিকায় আজও তাহারা নির্যাতিত হইলেও দক্ষিণ আমেরিকার দুইটি দেশে তাহাদের সভ্যতা অনেক উদ্ধার করিয়া লইয়াছে। ইহার একটির নাম মেক্সিকো অপরটি ব্রাজিল। মেক্সিকো হইতেছে মায়া অক্ষিকা দেশ, ইহাদের সভ্যতাকে এখনও পৃথিবীতে 'মায়া' সভ্যতা বলা হয়। মহীরাবণ এখানকার রাজা ছিলেন, মায়াবলে তিনি রাম লক্ষণকে হরণ করিয়াছিলেন। রাজীব গান্ধী ক্ষমতায় আসার পর এই মায়াসভ্যতা দর্শন করেন।

আমেরিকা (অমরিকা) অতি প্রাচীন অমরভূমি (বা দেবভূমি), কানাডা কণাদ ঋষির তপোভূমি, নায়গ্রা (অঙ্গিরা) অঞ্চল অঙ্গিরা ঋষির তপোভূমি। সেখানে অঙ্গিরা নদী এখনও বিদ্যমান। সেই নদীতে শক্তিবাদ স্বামী ১৯৭৩ সনে কানাডায় অবস্থান কালে ঋষি অঙ্গিরাকে স্মরণ করিয়া স্নান তর্পণাদি সম্পন্ন করেন। উত্তর ও দক্ষিণ আমেরিকা পৃথিবী ব্যাপী জল-জগতের দুইটি ভূখণ্ড, এই ভূখণ্ড দুইটি যে কূর্ম (কচ্ছপ) দেবতা ইহাও আসনশুদ্ধির মন্ত্রে রহিয়াছে। দূর হইতে ভূখণ্ড দুইটিকে ভাসমান কচ্ছপ পৃষ্ঠ বলিয়া মনে হয়। এইখানে বসবাসকারী রেড ইণ্ডিয়ানরা কচ্ছপের অস্থি দ্বারা নির্মিত বাদ্য যন্ত্র বাজাইয়া অতি সুন্দর নৃত্য ও মন্ত্র গান করে। এই গানগুলির মর্মার্থ জানিতে পারিলে হয়তো পৃথিবীর আদি সভ্যতা বা বৈদিক সভ্যতার কেন্দ্র যে পশ্চিম গোলার্ধে একদা বিস্তৃত ছিল তাহা উদ্ধার করা যাইবে।

আজকাল প্রায়ই পত্রিকায় প্রাচীন সভ্যতার নিদর্শনের কথা প্রকাশ হইতেছে। ২০.১২.৮৭-তে বর্তমান পত্রিকায় প্রকাশ সোভিয়েত রাশিয়ার বাকুতে প্রত্নতাত্ত্বিকগণ প্রাচীন বিষ্ণুমূর্ত্তি আবিষ্কার করিয়াছেন, পূর্বে কালী মূর্ত্তিও পাওয়া গিয়াছিল। World

Conqueror Shaktibad 1st Part - পুস্তকে বিশ্বের শিব পীঠগুলির নামের অপভ্রংশ হইয়া বর্তমান দেশগুলির নাম হওয়ার কথা আছে। সাইবেরিয়া - শিববাড়িয়া, সাইপ্রাস - শিব প্রয়াস, কাশ্যপ শিবের নামেই ক্যাসপিয়ান সমুদ্র, এইখানেই শাপগ্রস্ত শকুন্তলা তাঁহার পুত্র ভরতকে লালন পালন করিয়াছিলেন, ভরতের নামানুসারেই ভারত। মোক্ষেশ্বর শিবই মস্কো, এইভাবে গিরীশ নাথ শিব হইতে গ্রীস, জীবননাথ শিব হইতে জাপান, কুণ্ডেশ্বর শিব হইতে কোরিয়া, চণ্ডেশ্বর শিব হইতে চীন, পরাশিব - পারস্য, বরণীয় শিব - বারলিন, রমনীয় শিব - রোম, মিশরের বিখ্যাত পিরামিডই পরামৃত শিব, আমাদের মস্তিষ্কের গুরু পাদুকা কেন্দ্রে যে পরামৃত পীঠ অবস্থিত, উহার আকারের সহিত পিরামিডের সাদৃশ্য আছে। ভেটিকান লিঙ্গ নামে শিবলিঙ্গ ভেটিকান শহরের মিউজিয়ামে সংরক্ষিত আছে, মোক্ষ হইতে মক্কা এবং কৈবল্য হইতে কিবলা কথার উৎপত্তি, মক্কার শিবের বন্দীদশা, শিবের বরদান ও গত ২১.১১.১৯৭৯তে শিবের মুক্তির কথা 'শক্তিবাদীয় নবদুর্গাপূজা' ও 'World Conqueror Shaktibad' পুস্তকে বিস্তারিত আলোচনা আছে। অরব শিব হইতে আরব, অরব মানে মৌন। পরেশনাথ শিব হইতে প্যালেস্টাইন, এরিয়ান (আর্য্য) কথারই অপভ্রংশ ইরান, ১৭.৩.৮৭-তে আজকাল পত্রিকায় প্রকাশ ইরানে ৩০০ বৎসরের বেশী পুরানো মূর্তি চিত্র শোভিত মন্দির আবিষ্কৃত হইয়াছে। ওমানে বসবাসকারী একজন ভারতীয়ের নিকট আমরা জানিতে পারিয়াছি ওমানের ম্যাসকট্ নামক স্থানে একটি অতি প্রাচীন শিবমন্দির এখনও বিদ্যমান, সেখানে হিন্দুরা নিয়মিত পূজা দেয় এবং এই বৎসর (১৯৮৭)-তে সেই শিবমন্দিরে কলিকাতা হইতে দুর্গামূর্তি লইয়া দিয়া দুর্গা পূজা সম্পন্ন হইয়াছে। মুসলমানরাও সেই মন্দিরে যায় কিন্তু পূজা দেয় না। বর্তমান পত্রিকায় ১২.৬.৮৭-তে প্রকাশ ব্রাজিলে একটি অতি প্রাচীন মানমন্দির আবিষ্কৃত হইয়াছে। প্রত্নতত্ত্ববিদদের ধারণা সম্ভবত এইটাই পৃথিবীর সবচেয়ে প্রাচীন মানমন্দির। মন্দিরগাত্রে সূর্য্য, চন্দ্র, তারা ও ধূমকেতুর ছবি আঁকা আছে। সূর্যোদয় ও সূর্যাস্তের ছবিও রহিয়াছে। পদার্থবিদদের মতে এই আবিষ্কার পৃথিবীতে মানব সভ্যতার বয়স ৩৫ হাজার থেকে টেনে তিন লক্ষ বছরে নিয়ে গেল এবং প্রমাণ করল মানুষ বহুযুগ আগে থেকেই সৌরমণ্ডল নিয়ে পরীক্ষা চালাইতেছে।

প্রায় একশো বছর আগে আবিষ্কৃত ইংল্যাণ্ডের মারগেট গুহার মধ্যে একটি স্তম্ভের গায়ে হিন্দুত্বের বহু চিহ্ন আছে। সেখানে খোদাই আছে কচ্ছপের ছবি, বিষ্ণুর পৃথিবী ধারণের চিত্র। গুহার চারিদিকে আছে শঙ্খের চিত্র, সূর্য, চন্দ্র ও বিভিন্ন নক্ষত্রের ছবি। একটি দেওয়ালে আছে অগ্নি প্রজ্জ্বলিত যজ্ঞকুণ্ডের চিত্র। গুহার চারিদিকে এসব দেখিয়া ধারণা হয় যেন কোন হিন্দুমন্দির।

আমরা বিভিন্ন পত্রিকা গোষ্ঠীর নিকট শক্তিবাদ প্রকাশ করিবার আবেদন করিয়াছি কিন্তু তাঁহারা স্পষ্টই বলিয়া দিয়াছেন, শক্তিবাদ তাঁহারা ছাপিবেন না। আমরা বলিয়াছি, আপনারা শক্তিবাদের বিরুদ্ধে সমালোচনাই ছাপুন, তাহাতেও পত্রিকা প্রকাশকরা রাজি হন নাই। দুর্গাপুর হইতে প্রকাশিত একটি ছোট পত্রিকা 'যুগহিতৈষী'তে আমরা প্রায় নিয়মিত শক্তিবাদ প্রকাশ করিতে দেখি, এইজন্য প্রকাশককে নিশ্চয়ই শক্তিবাদীরা শ্রদ্ধার চোখে দেখিবে এবং তাঁহাদের কল্যাণ কামনা করিবে। কংগ্রেস ও কমিউনিস্ট শাসন

ব্যবস্থার কু-ফলের কথা ৫০ বৎসর পূর্বেই শক্তিবাদ প্রবর্তক স্বামীজী ঘোষণা করিয়াছিলেন। আজ তাহা অক্ষরে অক্ষরে ফলিতেছে। যুগহিতৈষীতে প্রকাশিত এইরূপ একটি লেখা আমরা এখানে প্রকাশ করিলাম।

কঠোপনিষদের একটি শ্লোক ও শক্তিবাদতত্ত্ব

যতশ্চোদেতি সূর্য্যঃ অস্তং যত্র চ গচ্ছতি
তং দেবা গর্বে অর্পিতাশতু নাত্যেতি কশ্চনঃ
এতদ্বৈতৎ॥

যাহা হইতে সূর্য উদিত হন এবং যাহাতে অস্তগত হন, সেই আত্মাতে সমস্ত দেবতা অর্পিত রহিয়াছেন। তাঁহাকে অতিক্রম করিয়া কাহারও অস্তিত্ব নাই, অর্থাৎ তিনিই সকলের আত্মা।

শক্তিবাদ তত্ত্ব: সূর্য কোথায় উদিত হন? বৈদিক ধর্মমতে সূর্য হইতেছেন সগুণ ব্রহ্ম। বৈদিক ধর্মমতে সগুণ ব্রহ্মের পাঁচটি স্তর: গণেশ, সূর্য্য, বিষ্ণু, শিব ও শক্তি। গণেশ - গণবাদ, সূর্য - জ্যোতিঃবাদ, বিষ্ণু - সমাজবাদ, শিব - ধর্মবাদ, শক্তি - অসুরবাদ বিরোধী ও দুর্বলবাদ নাশক শক্তিবাদ। শক্তিবাদের মতে মূল মহাশক্তির তিনটি স্তর। ১) ইহার একটি স্তরে আটটি মূলশক্তি স্বতন্ত্রভাবে ক্রিয়াশীল। ২) দ্বিতীয় স্তরে আটটি মূলশক্তি সমষ্টিরূপে অবস্থিত এবং এই সমষ্টিশক্তি ক্রিয়াশীল। ৩) সমষ্টি অষ্টশক্তি নিষ্ক্রিয় স্তরও আছে এবং উহাই 'নির্গুণ ব্রহ্ম' নামে খ্যাত। সূর্য দেবতার কিরণে সাতটি রঙ। অন্ধকারকে বা কালো রঙকে ধরিলে আটটি হয়। মূল অষ্টশক্তির সমাবেশেই সূর্য কিরণের সপ্তবর্ণ। সপ্তবর্ণই সূর্যের সপ্তাশ্ব।

গণেশ স্তরের মতবাদই গণবাদ। পশ্চিমের গণবাদের ভিত্তিতে ভারতে যে গণবাদের আন্দোলন ও সংগঠন চলিয়াছে উহা ভয়ঙ্কর বিষ ফল প্রদান করিবে। মন্ত্রে স্পষ্ট বলা হইয়াছে, কেহই সেই মহাশক্তিকে বা আত্মশক্তিকে অতিক্রম করিয়া অবস্থিত নহে। কিন্তু পশ্চিমের গণবাদে অধ্যাত্মভিত্তি নাই। শক্তিবাদের প্রচার বৃদ্ধি হইলে উহা স্বতঃই ছিন্নভিন্ন হইয়া যাইবে। ভারতে সূর্যস্তরের ভিত্তিতে যে রাষ্ট্রবাদের ভিত্তি দেওয়া হইয়াছে উহার ফলও অত্যন্ত বিপজ্জনক হইয়াছে। ভারতের সমাজবাদের ভিত্তিতে কোন ভাল নেতা ও সংগঠন দাঁড়ায় নাই। শিবপিণ্ডের প্রতীক শিবমূর্তি স্থাপনা করিয়া ভারতধর্মের শত্রু ও ভারতকে খণ্ডনকারী দুর্জনগণে বর্ণাশ্রম ধর্মসমাজবাদে পরিবর্তন করিবে। মূর্খ নেতারা সেকুলারিজম রাষ্ট্রবাদ করিয়াছে। শক্তিবাদ উহাকে বেদবাদী রাষ্ট্র করিবে এবং অসুরবাদ ধর্মকে সমূলে বহিষ্কার করিবে। খণ্ডিত ভারতকে শক্তি প্রয়োগ করিয়া অখণ্ড করিবে। গান্ধীবাদীদের দ্বারা প্রবর্তিত কনস্টিটিউশন সংশোধন করিতে হইবে। সংস্কৃতকে রাষ্ট্রভাষা ঘোষণা করিতে হইবে। সরল সংস্কৃতকে কথ্য ভাষারূপে গড়িয়া লইতে হইবে। ইংরেজী ভাষাকে ইংরেজ যেস্থানে দাঁড় করাইয়া গিয়াছে উহাকে সেই স্থানে রক্ষা করিতে হইবে। ইংরেজী ভাষা আন্তর্জাতিক ভাষা হইবার দরুণ

শক্তিবাদ উহাকে নিশ্চয়ই শ্রদ্ধা করিবে। বিশ্ব কল্যাণে এবং শক্তিবাদ প্রচারে ইংরেজী ভাষার প্রয়োজন আছে।

পূর্বমন্ত্রে অরণ্যনিহিত অগ্নির কথা বলা হইয়াছে। সূর্যকিরণে যেমন সাত বর্ণের সংস্থান আছে অগ্নিতেও সপ্ত জিহ্বার কথা আছে। এই সপ্তজিহ্বা মূল সপ্ত (শক্তিবাদের মতে অষ্ট শক্তি) শক্তির প্রতীক 'শরীর মধ্যস্থিত অগ্নি'। মনোমধ্যস্থিত অসুর নাশক 'তেজ' এবং সৃষ্টির মূলস্থিত অধিশক্তি তত্ত্বতঃ এক। শক্তিসাধনা এবং তপস্যার মধ্য দিয়া মূলশক্তিতে আসিতে হইবে এবং সর্বতোভাবে শক্তিবাদে প্রতিষ্ঠিত হইতে হইবে।

আজকাল বহু নেতাকে অধ্যাত্মবাদ বিষয়ে কথা বলিতে শোনা যায়। শিক্ষা ব্যবস্থায় বেদ উপনিষদ ও ধর্ম শিক্ষাকে যুক্ত না করিলে অধ্যাত্মবাদের ভিত্তি কখনই গড়িয়া উঠিবে না, ইহা আমরা বহু পূর্বেই বলিয়াছি। এইখানে আমরা উপনিষদের প্রথম মন্ত্র ও তার শক্তিবাদভাষ্য প্রকাশ করিলাম।

ঈশা বাস্যমিদং সর্বং যৎকিঞ্চিজগত্যাংজগৎ।
তেন ত্যক্তেন ভুঞ্জীথা মা গৃধ্য কস্যস্বিদ্ ধনম্॥

পৃথিবীতে যত রকম পদার্থ আছে, সবই ঈশা দ্বারা (ঈশ্বর, ব্রহ্ম বা আত্মা দ্বারা) ব্যাপ্ত। এইরূপে ব্রহ্ম দর্শন না করিলে তুমি ভোগী হইবে। তুমি কাহারও ধনে অভিলাষ করিও না। শক্তিবাদ ভাষ্য - এই মন্ত্রে বেদের ঈশ্বরবাদ এবং অবৈদিকের অহংবাদ ও নাস্তিক্যবাদের মূলীভূত পার্থক্য বিষয়ে বলা হইল। ঈশ্বরবাদীরা যাহাকে ঈশ্বরের বিশ্বরূপ বলেন নাস্তিক্যবাদীরা তাহাকেই ভোগ্য বিষয়রূপে দর্শন করেন এবং ঈশ্বরকে অস্বীকার করেন। যে সব ধর্মশাস্ত্র ঈশ্বরকে আকাশে অবস্থানকারী এবং স্বর্গ ও নরক দাতা ব্যক্তি বিশেষ মনে করেন, তাহারাও যে নাস্তিক্যবাদী ইহাতে সন্দেহ করিবার কারণ নাই। ঈশ্বর ব্যাপক, যাহার ব্যাপকত্ব নাই এমন বস্তুকে বা ব্যক্তিকে ঈশ্বর মানিলে উহাও ঈশ্বর মানা হয় না। এজন্যই আকাশে ঈশ্বর থাকেন, ইহা মানিয়া অহং মত্ত মক্কাবাদী বর্বররা কাফেরদের ধন, স্ত্রী ও সম্পত্তি লুণ্ঠনের এবং কাফের উচ্ছেদের অনুকূলে মতবাদ এবং রাষ্ট্র স্থাপনা করিতে সক্ষম হইয়াছে। (কোরান - আঃ ১৯। সুরা ৯। সুরা বরায়ত আঃ ৫, আঃ ১৪, আঃ ৩॥ সুরা ৮, আঃ ৩৯।১)। এখানে বেদমন্ত্রে স্পষ্ট বলিয়াছে, কাহারও ধনে আশা করিও না। অহং মত্ত ও জড়বাদী কম্যুনিস্টরা অন্য যে কোন লোকের ধন কাড়িয়া লইবার পক্ষপাতী। সম্পত্তি ও ধন কাড়িয়া লইবার জন্য কম্যুনিস্ট রাষ্ট্র এবং কম্যুনিস্ট প্রভাবিত ডেমোক্রেট রাষ্ট্র একভাবেই দুষ্কার্যে প্রতিষ্ঠিত। ভারতের বুকে কম্যুনিস্ট প্রভাবিত ডেমোক্রেট রাষ্ট্রে আজ নীতিহীনতা, শোষণ, কর্মহীনতা, ভেজাল এবং না খাটিয়া বা কম পরিশ্রমে অধিক ধনলোভ প্রত্যেকটি মানুষের চরিত্রকে কলুষিত করিয়াছে। বেদ বলেন, কাহারও ধনে আশা করিও না। ব্যাপক ঈশ্বরে মন দাও, উহাই শান্তির পথ, আত্মহন হইও না, এই বিজ্ঞানে রাষ্ট্র গঠন কর, অসুর ধর্ম, অসুর সমাজ ও অসুর রাষ্ট্র উচ্ছেদ কর।

বৈদিক পঞ্চায়েত ও কলাবাদ

আমরা প্রত্যেককে বৈদিক পঞ্চায়েত ও কলাবাদ বুঝিতে অনুরোধ করি। প্রাচীন ভারতে মনুপ্রতিষ্ঠিত বর্ণাশ্রম সমাজ ব্যবস্থার ভিতর দিয়া বৈদিক পঞ্চায়েত শাসন প্রতিষ্ঠিত ছিল। বর্তমানে ধর্মহীন পঞ্চায়েত শাসন ব্যবস্থার ফলে মানুষ কেমন অপুষ্ট, আসুরিক ও স্বার্থপর হইয়াছে তাহা চিন্তাশীল মাত্রই বুঝিতে পারেন। বৈদিক পঞ্চায়েত ঋষি, রাজা ও বিশেষ বিধানে নির্বাচিত মন্ত্রীর সমষ্টিতে গঠিত হইত ফলে ইহা শক্তিশালী ও সকলের বিকাশের অনুকূল হইত। সমাজে মুটে মজুরের সংখ্যা এত বেশী যে ডেমোক্রেটিক (গণতান্ত্রিক) শাসন কখনও উন্নত ও সুন্দর হইতে পারে না। ভারতবাসীর কর্তব্য এই বিধানকে দেশ হইতে বহিষ্কার করিয়া নিজস্ব পঞ্চায়েত বিধান প্রবর্তন করা। সমাজতত্ত্বের বিচারে গণেশ, সূর্য, বিষ্ণু, শিব ও শক্তি স্তরের নির্বাচিত প্রতিনিধিদের লইয়াই পঞ্চায়েত গঠন করা হয়। গণেশ - বিচারক, বৈজ্ঞানিক ও স্থপতি বিভাগ, সূর্য্য - শিক্ষা প্রচার, চিকিৎসা, কলা (Art) ও জ্যোতিষ বিভাগ। বিষ্ণু - শাসন, ব্যবসায়ী, বৃহৎ শিল্প ও কৃষিবিভাগ। শিব - (নিম্ন শিব) কায়িক শ্রমবিভাগ, শিব (উন্নত শিব) - ঋষি ও যোগী বিভাগ। শক্তি - সেনা বিভাগ। ভিন্ন ভিন্ন বিভাগের প্রধান দ্বারা নির্বাচিত মন্ত্রীদেব লইয়া পঞ্চায়েত গঠিত হইবে। ইহাদের মধ্যে কেহ অযোগ্য হইলে জনসাধারণ ও উক্ত বিভাগ আন্দোলন করিতে পারিবে। নির্বাচিত মন্ত্রী নিজের যুক্তি দ্বারা সমাজকে তুষ্ট করিতে যদি অক্ষম হন তবে রাষ্ট্রপতি তাঁহাকে পদত্যাগ করিতে বলিবেন, সেই বিভাগ তখন নতুন মন্ত্রী নির্বাচন করিবেন।

শক্তিবাদে রাষ্ট্রপতি বংশ পরম্পরায় হওয়াই শ্রেষ্ঠ বলিয়া স্বীকার করা হইয়াছে। কারণ ইহাতে রাষ্ট্রপতি কে হইবেন আগে হইতে জানা যায় এবং তাঁহাকে শিক্ষায় দীক্ষায় সংস্কৃত করা যায়। যদি জনসাধারণ হইতে রাষ্ট্রপতি নির্বাচন করিতেই হয় তাহা হইলে সেইরূপ ব্যক্তিকেই নির্বাচন করিতে হইবে যিনি বাল্যাবস্থা হইতেই ঋষিদের আশ্রমে থাকিয়া ত্যাগ, তপস্যা, সংযম ও ব্রহ্মচর্যময় চরিত্র আয়ত্ত করিয়াছেন এবং উন্নত জ্ঞান বিজ্ঞান, যোগ দার্শনিকতা, শিক্ষাদীক্ষা ও উন্নত সংস্কার দ্বারা অসুরবাদ, দুর্বলবাদ ও শক্তিবাদ নীতি সম্বন্ধে সম্যক জ্ঞান লাভ করিয়াছেন। কেন্দ্রীয় শাসনে যেইরূপ নীতি থাকে জনসাধারণের মধ্যেও সেইরূপ নীতি গড়িয়া উঠে কারণ রাষ্ট্রপ্রধান ও জনসাধারণের মধ্যে স্নেহ ও শ্রদ্ধার সম্পর্ক থাকায় রাষ্ট্রপ্রধানের চরিত্র ও চিন্তাধারা সমাজের সকলের মধ্যে প্রতিফলিত হয়।

ভারতবর্ষে কংগ্রেসবাদীয় ডেমোক্রেসী এবং কমিউনিস্টবাদীয় মজুরবাদীদের ও মক্কাবাদীয় অসুর ধর্মের তাণ্ডব নৃত্য চলিলেও হিন্দুবাদী জনতার মধ্যে পৃথিবীর সর্বত্র স্বধর্ম প্রচার ও প্রসারের আগ্রহ দেখা দিয়াছে। স্বামী বিবেকানন্দের বেদান্তবাদ, হরেকৃষ্ণবাদীদের ইসকন (Iskon) এবং শক্তিবাদীদের কলাবাদের দিকে হিন্দুদের আকর্ষণ স্পষ্টই দেখা যাইতেছে, শৈববাদীদের প্রসারও আমেরিকায় খুবই প্রবল। ইহারা সকলেই আমেরিকাবাসী। পৃথিবীতে তন্ত্রের কলাবাদের প্রচার বৃদ্ধি হইলে ডেমোক্রেসী মক্কাবাদ ও কম্যুনিজমের ভিত্তি ভাঙ্গিয়া যাইবে।

কলাবাদ - ১ কলায় উদ্ভিদ (বৃক্ষাদি), ২ কলায় স্বেদজ (কৃমি-কীটাদি), ৩ কলায় অণ্ডজ (পক্ষীআদি), ৪ কলায় জরায়ুজ (পশু ও মানব), ৪।০ কলায় শুদ্র (কায়শ্রমী ইত্যাদি), ৪।।০ কলায় বৈশ্য (ব্যবসায়ী ইত্যাদি), ৪।।।০ কলায় ক্ষত্রিয় (পুলিশ ও মিলিটারী কর্মী), ৫ কলায় ব্রাহ্মণ বা প্রাথমিক ব্রহ্মজ্ঞানী, ইহাই গণেশস্তর (বিচার, স্থপতি ও বিজ্ঞান বিভাগ), ৬ কলায় সূর্য (শিক্ষা, চিকিৎসা, প্রচার, সাহিত্য, জ্যোতিষ ও কলা বিভাগ), ৭ কলায় বিষ্ণু - শাসন বিভাগ, বিষ্ণুর তিনটি ভাগ - (১) দৈবী বিষ্ণু, (২) আসুরিক বিষ্ণু, (৩) অপুষ্ট বিষ্ণু, দৈবী বিষ্ণু ও আসুরিক বিষ্ণু উভয়েই কর্তৃত্ববুদ্ধিসম্পন্ন, তীক্ষ্ণ বুদ্ধিমান, গম্ভীর স্বভাব, চক্রী, কথায় ও কার্য্যে দুই প্রকার ভাবসম্পন্ন, সন্দিগ্ধ চিত্ত, সংগঠন শক্তিসম্পন্ন ও ভোগী চরিত্র হইলেও দৈবী বিষ্ণু কোমল হৃদয়, সমাজ হিতৈষী, দাতা ও উদার চরিত্র (বিক্রমাদিত্য, শিবাজী ইত্যাদি) কিন্তু আসুরিক বিষ্ণু নিষ্ঠুর হৃদয়, উৎপীড়ক, শোষক ও সুবিধাবাদী হয়। (রাবণ, দুর্যোধন, মক্কার মহম্মদ, ঔরঙ্গজেব, নেহরু বংশ ইত্যাদি)। অপুষ্ট বিষ্ণু কোন বিকাশের স্তর নহে। শূদ্র, বৈশ্য ও সূর্যস্তরের মানুষ লোভে ও সঙ্গ প্রভাবে এবং আসুরিক রাজশক্তির প্রশ্রয় পাইয়া বিষ্ণুচরিত্র আয়ত্ত করে। ইহারা অত্যন্ত নীচ প্রকৃতির মানুষ হয়, ইহারা সমাজের সবচেয়ে বেশী ক্ষতির কারণ হয়। ইহাদের অপশাসনে সমাজের চোর, গুণ্ডা, লুটেরু, মিথ্যাবাদী, ছলধর্মপরায়ণ, ঘুষখোর ও নারী নির্যাতনকারীদের আস্ফালন ও কর্তৃত্ব চলিতে থাকে। সাড়ে সাত কলাই অসুরবাদ ও যবনবাদের চরম বিকাশ। সাড়ে সাত কলার বেশী আসুরিক বিকাশ হয় না। স্বার্থ ও ভোগকেই লক্ষ্য করে বলিয়া আসুরিক বিষ্ণু দৈবী বিষ্ণুর চেয়ে শক্তিশালী হয়। এইজন্য ঋষিস্তরের চিন্তাধারা বাদ দিয়া দৈবী বিষ্ণু আসুরিক যবনবাদীদের নিয়ন্ত্রণ ও বিনাশ করার ক্ষমতা রাখে না। ৮ কলায় শিব - ভোগ, মোহ ও অভিমানহীন জ্ঞানবিজ্ঞানে তৃপ্ত অনাড়ম্বর প্রাকৃতিক জীবন প্রিয় মহাপুরুষ। ঋষি, যোগী ও তপস্বীদের দ্বারা নির্দেশিত ভারতের দৈবী শাসন ব্যবস্থায় উচ্চ সভ্যতা ও শিক্ষাকেন্দ্র এবং অসুর নাশের নীতি প্রতিষ্ঠিত থাকায় সমাজে সমৃদ্ধি ও শান্তি ছিল। ৯-১৫ অবতার কলা - (বামন, রাম, বুদ্ধ ইত্যাদি)। ১৬ কলায় শক্তিস্তর, ইহাই পূর্ণকলা (শ্রীকৃষ্ণ ও আদি গুরু শিব)।

হিন্দুরা কলাবাদে মন দিলে পৃথিবীর সমস্ত শাসন ভস্মস্তূপে পরিণত হইবে। পৃথিবীর সর্বত্র জাগ্রত হিন্দুরা কলাবাদ শাসনের কথা প্রচারের জন্য কোমর বাঁধুন। কলাবাদের বিস্তারিত ব্যাখ্যা - ''ক্রমবিকাশের পথে'' পুস্তকে দ্রষ্টব্য।

শক্তিবাদের মতে প্রাকৃতিক শাসন ও প্রাচুর্য্যই সাম্যের এক মাত্র পথ

লোক গণনাতে দেখা যায় ১০০০ লোকের মধ্যে ৯৯৯ জনেরও অধিক নিম্ন শিব, ৪।০ কলার বিকাশ। ইহাদের পেট ভরিয়া খাওয়া ও বংশ বৃদ্ধি করা একমাত্র কাজ। প্রশাসন কাহাকে বলে ইহারা জানে না। মালিকের বাগানে কাজ করিবে, ইহার জন্য মাসের মাহিনা লইবে। ইহার উপর প্রতিদিন একটি করিয়া বাঁশ কাটিয়া বাজারে পঁচিশ টাকায় বিক্রয় করিবে এবং সেই টাকায় চাল, ডাল, মুরগী কিনিয়া আনিয়া বউ লইয়া

শুইয়া থাকিবে। মাসের মাহিনা বন্ধ করা চলিবে না। মাসের মাহিনা বন্ধ করিলে বাগানও বেদখল হইয়া যাইবে। ইহাই বর্তমান গণবাদ।

পঞ্চায়েত গণবাদ এইরূপ নহে। শিব বলিয়াছেন ''তোমরা কুমারীপূজা কর ও দ্বাদশ জ্যোতির্লিঙ্গ শিব দর্শন কর। ইহার ফলে ম্লেচ্ছ-যবনবাদ ধ্বংস হইয়া যাইবে।'' শিবের এই আদেশ অমান্য করিয়া ভারত-ভাগকারী ও লুটেরুগণকে ভারতে রাজার হালে পোষণ ও তোষণ করিয়া তাহাদের গোলাম সাজিবার জন্য কংগ্রেস, কমিউনিস্ট ও ধনলোভী হিন্দুগণ এক হইয়াছে এবং ভারতের সর্বনাশের পথ প্রশস্ত হইয়াছে। ভারত ভাগ হইল এবং শিখ হিন্দুগণকে ভাগ করিবার জন্য হিন্দু কোড বিল পাশ হইল। ইহার ফলে হিন্দুদের ও শিখেদের ঘরে ভালোভাবেই আগুন লাগিয়াছে। হিন্দুদের যৌথ পরিবার ও একতা ধ্বংসের পথে চলিয়াছে।

ভারতের সংবিধানে বর্তমান সময়কার গণবাদকে বাদ দিয়া ১৬ কলার ভিত্তিতে যে পঞ্চায়েত শাসন ব্যবস্থা আছে তাহা অন্তর্ভুক্ত করিতে হইবে। তবেই ভারতের কল্যাণ। শক্তিবাদ গ্রন্থাবলী পাঠ করিয়া শুদ্ধ পঞ্চায়েত শাসন ব্যবস্থা বুঝিতে হইবে। যতদিন ইহা না হয় ততদিন কুমারী পূজা ও জ্যোতির্লিঙ্গ শিবের ব্যাখ্যা সমানভাবে শক্তিবাদীরা চালাইতে থাকিবে।

এই প্রথায় শিব স্তরের ঋষি যোগীদের দ্বারা নির্বাচিত একজন রাষ্ট্রগুরু থাকিবেন, দেশীয় রাজাদের দ্বারা নির্বাচিত রাষ্ট্রপতি ও পঞ্চায়েৎ প্রথায় মন্ত্রীদের দ্বারা নির্বাচিত প্রধানমন্ত্রীকে সকল বিষয়ে রাষ্ট্র গুরুর পরামর্শ ও অনুমোদন লইতে হইবে। রাষ্ট্রগুরু সকল প্রকার প্রাচীন ও আধুনিক অস্ত্রবিদ্যায় ও শাস্ত্রে শিক্ষিত হইবেন।

সকলের জন্য সুলভে প্রচুর পরিমাণে দুগ্ধ ও অন্নের সুব্যবস্থা করাই রাষ্ট্রের প্রধান কর্তব্য হইবে। যদিও পৃথিবীর কোন কোন দেশে কলাবাদ ভিত্তিক শাসন Functional Representation নামে পরিচালিত হইতেছে কিন্তু কলাবাদের সঠিক বিজ্ঞান তাঁহারা জানেন না। ইহার ফলে সেই শাসনেও অসুরবাদের প্রভাব আছে। ত্যাগী তপস্বী গুরুর পরামর্শ না থাকিলে অসুরবাদের প্রভাব সমাজে আসিতে বাধ্য। যখন অসুরবাদী শাসন চলিতে থাকে তখন সমাজের কোন স্তরেই শান্তি থাকে না এবং সমাজ দুর্ব্বল হইয়া যায়। দুর্ব্বল সমাজ আত্মরক্ষা করিতে পারে না। নিজের অস্তিত্ব রক্ষা করিবার জন্য বাধ্য হইয়া অসুরের পদলেহন করিতে থাকে। ইহার ফলে অসুরবাদও দিন দিন পুষ্ট হইতে পথ পায়। শক্তিবাদীয় মতবাদ ভিন্ন এই বর্বরতার শোষণ হইতে মুক্তি অসম্ভব। দুর্বলবাদ হইতে মুক্তি ও অসুরবাদ ধ্বংস করিবার জন্য শক্তিবাদীয় চিন্তার বিকাশের প্রথম ধাপেই হইল কুমারী পূজা ও জ্যোতির্লিঙ্গ দর্শন। এবং অসুরবাদের বিরুদ্ধে স্পষ্টতঃ অস্ত্রধারণ, কুমারী পূজা ও জ্যোতির্লিঙ্গ শিব দর্শনে সমাজে তেজস্বিতা বৃদ্ধি হইবে। দেবতাদের তেজ হইতেই দুর্গা মায়ের আবির্ভাব হইয়াছিল। এবং মা দুর্গাই মহিষাসুর বধের কারণ।

প্রত্যেক স্তরের থেকে আমরা ৫ রকম লোকের নির্বাচন কামনা করি। তাহারাই গণেশ, সূর্য্য, বিষ্ণু, শিব ও শক্তি। যাহাতে গণেশ প্রধান বিচার বিবেচনা, সূর্য্যস্তর প্রধান উন্নত চিন্তাধারায় অভ্যস্ত, চিন্তাশীল লোক, বিষ্ণুস্তরের চিন্তাধারায় বিবেচক লোক এবং শিবস্তরের চিন্তাধারায় জ্ঞানী লোক এবং শক্তিস্তরের অসুর বিরোধী এবং সমাজ রক্ষক

চিন্তাধারায় অভিষিক্ত লোককে কনষ্টিটিউশন-এর সভ্যদের মধ্যে স্থান দেওয়া যায় এই জন্য প্রত্যেকটি দেশবাসীকে অবহিত হইতে হইবে। এইজন্য শিক্ষা ও প্রচার বিভাগ সবসময় সচেষ্ট থাকিবে। সব চেয়ে বড় কথা প্রত্যেকের জন্য প্রচুর দুগ্ধ ও অন্নের ব্যবস্থা চাই এবং প্রত্যেকেরই সমাজ রক্ষায় চিন্তা থাকা চাই। প্রচুর দুগ্ধ ও অন্নের সচ্ছলতার জন্য প্রয়োজনে কোন কোন গ্রাম, পাহাড়ী এলাকায় স্থানান্তর করিয়া ওই স্থানে প্রচুর গোপালনের ব্যবস্থা করিতে হইবে। গরু, মহিষ, ছাগল ও ভেড়া প্রভৃতি দুগ্ধদাতা জীব যেখানে মল-মূত্র ত্যাগ করে সেইসব জায়গা স্বভাবতই খুব উর্বর হয়, প্রচুর ফসল ফলাইবার জন্য জল সেচের ব্যবস্থাও করিতে হইবে। দেখা যাইবে এই গোপলান ও কৃষিকার্য্যের জন্য শিক্ষিত, অশিক্ষিত বহুলোকের কর্মসংস্থানের ব্যবস্থা হইয়া গিয়াছে।

এমন কিছু কিছু তৃণ জাতীয় উদ্ভিদ আছে যাহা সামান্য পরিচর্য্যায় প্রচুর পরিমাণে জন্মায় এবং গোমহিষাদির খাদ্য হিসাবে ব্যবহৃত হইতে পারে। সেইরূপ উদ্ভিদ উৎপন্নের জন্যও আমাদের চিন্তা করিতে হইবে। গোমহিষাদির চিকিৎসারও উপযুক্ত ব্যবস্থা নিতে হইবে।

শক্তিবাদ পঞ্চায়েৎ শাসনে খাদ্য উৎপাদন ব্যবস্থায় কৃষক ও বৈশ্যসহ সকল সম্প্রদায় অংশগ্রহণ করিবে। ইহাতে প্রশাসন যথেষ্ট সাহায্য করা ভিন্ন কোন রকম হস্তক্ষেপ করিবে না এবং যাহাতে পশু পালন ও খাদ্য উৎপাদনে সমাজের সর্ব্বস্তরের মানুষ উৎসাহ পায় সেই চেষ্টা চালাইতে সাহায্য করিবে। প্রশাসন কখনও হাজার হাজার টাকা বেতন বৃদ্ধি করিয়া ভোটার ও ক্যাডার প্রস্তুত করিতে পারিবে না। কারণ, দলবাজ নেতারা নিজেদের স্বার্থে দল ও ক্যাডার ভিন্ন কখনও সমাজের মঙ্গল করিতে পারে না। খাদ্য উৎপাদনের রহস্য না বুঝিলে সমাজকে বশীভূত রাখা সম্ভব নহে। শক্তিবাদের মতে প্রাচুর্য্যই সাম্যের একমাত্র পথ।

মুসলমান ও লিঙ্গকাটা খৃষ্টান ছাড়া চিন্তাশীল খৃষ্টান, বৌদ্ধ প্রভৃতি অন্যান্য সম্প্রদায়ও মনে করিলে পঞ্চায়েত নির্বাচনে ৫ স্তরের প্রতিনিধি দিতে পারে।

স্তালিন নাকি জানিতেন সাধারণ মানুষকে কেমন করিয়া বশীভূত রাখিতে হয়। তিনি একদিন একটি মোরগ হাতে লইয়া সেটিকে ছায়ায় লইয়া গেলেন তখন ঠাণ্ডায় নিস্তেজ হইয়া গেল মোরগটা। আবার যখন রোদে আনিলেন তখন চাঙ্গা হইল। তারপর তারদিকে ছড়িয়ে দিলেন কয়েক টুকরো রুটি। সেই রুটির লোভে মোরগটি ছায়ার মত চলিল স্তালিনের পেছন পেছন।

বর্তমানে গরবাচেভ বলেন, স্তালিন থেকে ব্রেজনেভের যুগে সমাজতন্ত্রের যে বিকৃতি ঘটিয়াছিল তা থেকেই সমাজতন্ত্রকে পুনরুদ্ধার করিতে হইবে এবং ধর্মীয় ও সাংস্কৃতিক চাহিদা পূরণের সুযোগ ও মতামত প্রকাশের স্বাধীনতাও থাকিবে। নতুন সোভিয়েত সমাজ হইবে বহু স্তরী।

বহুস্তরী সমাজ পরিচালনা শক্তিবাদ পঞ্চায়েৎ শাসন ব্যবস্থা দ্বারাই সম্ভব। কারণ, ইহাই প্রাকৃতিক শাসন ব্যবস্থা।

কুমারী পূজা বিধি

ওঁ হ্রীঁ শ্রীঁ মহাশক্তি কৌমার্য্যৈ নমঃ

(শক্তিবাদীয় দুর্গাপূজাবিধি পুস্তক অবলম্বন করুন)

হাতে পায়ে জলের ছিটা দাও,

বিষ্ণু স্মরণ - ওঁ অপবিত্রো পবিত্রোবা.....

মননিশ্চিন্তকরণ, শুভকর্মের সাক্ষী, কামিনী দেবীর ধ্যান।

আচমণ :- আত্মতত্ত্ব, বিদ্যাতত্ত্ব, শিবতত্ত্ব।

সামান্যার্ঘ্য স্থাপন, দ্বার দেবতার পূজা।

বিঘ্ন নিবারণ - ওঁ বেতালশ্চ....

ভূত পূজা - ভূত পূজায় পাঁচটি নৈবেদ্য দিবে এবং স্তুতি পাঠ করিবে। ওঁ মক্কেশ্বরায় ভূতায় নমঃ। ওঁ সর্বেভ্যো ভূতেভ্যো নমঃ।

ভূতস্তুতি পাঠ - ওঁ ভূতা প্রেতা.....

আসনশুদ্ধি, গুরু প্রভৃতির প্রণাম।

সংকল্প - ওঁ বিষ্ণু ওঁ তৎসৎ অদ্য বৈবস্বত মন্বন্তরে কলিযুগে ... অমুক মাসে ...অমুক পক্ষে ... অমুক তিথৌ ... অমুক গোত্র শ্রী ... অমুক সর্বেসাং শক্তিবাদিনাং কল্যাণার্থং যবনানাং বিনাশার্থং আর্যজাতিনাং মঙ্গলার্থং পরম ব্রহ্ম গোত্র শ্রীসত্যানন্দ নাথ প্রবর্ত্তিত শক্তিবাদ ধর্ম্মস্য প্রসারকল্পে শ্রী শ্রী কুমারী পূজা কর্মাহং করিষ্যে। (পরার্থে করিষ্যামি); সংকল্পিতার্থ্যঃ সিদ্ধয়ঃ সন্তু মনোরথাঃ শত্রুনাং বুদ্ধিনাশায় মিত্রানামুদয়ায়চ, অয়মারম্ভ শুভায় ভবতু। ওঁ তৎসৎ ওঁ।

